

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০১১.২৫.২৪৮.১৩.

তারিখ : ০৭ আষাঢ়, ১৪২৩
২১ জুন, ২০১৬

প্রাপক : মহা-পরিচালক
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)
ঢাকা।

বিষয় : থাইল্যান্ড সফরের অনুমতি।

মহোদয়,

Prince of Songkla University, Thailand কর্তৃক প্রদত্ত Thailand's Education Hub for Southern Region of ASEAN Countries (TEH.AC) এর আওতায় ডক্টরাল কোর্সে (PhD program in Sustainable Energy Management) এ অংশগ্রহণের জন্য বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)র উপ-পরিচালক (ভূতত্ত্ব) মোঃ আহসান হাবিবকে আগামী ১৫-০৮-২০১৬ হতে ৩১-০৭-২০১৯ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে প্রেষণ মঞ্জুরপূর্বক নিম্নলিখিত শর্ত সাপেক্ষে থাইল্যান্ড গমন ও অবস্থানের সরকারি অনুমোদন জ্ঞাপন করা হলো।

২। তাঁর পিএইচডি কোর্সে অংশগ্রহণের শর্তাবলী নিম্নরূপ :

- (ক) তিনি সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে উক্ত কোর্সের জন্য অনুমোদিত সময়ের অতিরিক্ত থাইল্যান্ড অবস্থান করতে পারবেন না;
- (খ) আলোচ্য পিএইচডি কোর্সে অংশগ্রহণের যাবতীয় ব্যয়ভার আয়োজক সংস্থা কর্তৃক বহন করা হবে। এতে জিএসবি কিংবা বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
- (গ) তাঁর বিদেশ অবস্থানকালীন জ্যেষ্ঠতা ক্ষুণ্ণ হবে না; এবং
- (ঘ) অধ্যয়নের জন্য কর্মকর্তা কর্তৃক প্রদত্ত মুচলেকার ইতোপূর্বের সকল শর্ত প্রযোজ্য হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,




(মোঃ শহিদুল ইসলাম)
উপ-সচিব
ফোন : ৯৫১৪১৬৫।

নং-২৮.০০.০০০০.০১১.২৫.২৪৮.১৩-১১৫২

তারিখ : ০৭ আষাঢ়, ১৪২৩
২১ জুন, ২০১৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ : কনসুলার সেকশন; প্রয়োজনীয় নোট ভারবাল জারির অনুরোধসহ)।
- ২। মহা-পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। বাংলাদেশস্থ থাইল্যান্ড দূতাবাস, ঢাকা।
- ৪। থাইল্যান্ডস্থ বাংলাদেশ দূতাবাস।
- ৫। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৬। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, সেগুন বাগিচা, ঢাকা।
- ৮। জনাব মোঃ আহসান হাবিব, উপ-পরিচালক (ভূতত্ত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি), ঢাকা।
- ৯। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১০। আইসিটি সেল, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ১১। অফিস কপি।



(মোঃ শহিদুল ইসলাম)
উপ-সচিব